
সৈয়দ জাহাঙ্গীর হাবীব প্রতিষ্ঠিত ও সম্পাদিত



# স্বরূপনগর বার্তা

SWARUPNAGAR BARTA

A Fortnightly Newspaper — Govt. of India, RNI No. WBBN/2015/64961

A member of Barasat Press Club & West Bengal Small Newspaper's Editors Welfare Association

Volume - 10, Issue No. - Special ■ Govt. of India, RNI No. WBBEN/2015/64961 ■ 25 March 2025 ■ Page - 1 ■ Price Rs. 3/-


## সন্দেশখালী মা সারদা উইমেন অ্যান্ড রুরাল ওয়েলফেয়ার সোসাইটি-র সামাজিক অবদান

**সৈয়দ জাহাঙ্গীর হাবিব :** সন্দেশখালী মা সারদা উইমেন অ্যান্ড রুরাল ওয়েলফেয়ার সোসাইটি সব সময় মেয়েদের শিক্ষা এবং নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করে আসছে দীর্ঘ দশ বছর ধরে, তাঁদের সেই কর্মের অংশ হিসাবে তাঁরা হিংগলগঞ্জ ব্লক এর সাহেবখালী পঞ্চায়েত এর দুস্থ পরিবারের পাশে দাঁড়ান, তিথী মহাজন ঐ পরিবারের মেয়ে সবে নার্সিং এ ভর্তি হয়েছে কিন্তু বই এবং বি পি মেশিন আর





স্টাটিস্কোপ কেনার অর্থ জোগাড় করতে পারছিল না। খবর পেয়ে মা সারদা এর কর্ণধার শুভাশীষ মণ্ডল মেয়েটির পাশে দাঁড়ান ।তিনি মেয়েটির জন্য সমস্ত বই এবং অন্যান্য সামগ্রী তুলে দেন মেয়েটির হাতে, উপস্থিত ছিলেন হিঙ্গালগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি, শিক্ষা কর্মধ্যক্য সহ অন্যান্য রা ।মেয়েটি বোলে এই বই গুলো এবং জিনিস গুলো পেয়ে সে খুব খুশি। শুভাশীষ বাবু বলেন আগামী দিনেও কিছু প্রয়োজন হলে তিনি এগিয়ে আসবেন।

## সংবর্ধিত হলেন গোবরডাঙ্গার পৌরপ্রধান শংকর দত্ত

**সৈয়দ জাহাঙ্গীর হাবিব ও বিশ্বনাথ ভট্টাচার্য :** বর্তমান পৌর বোর্ডের তিন বছর পূর্তি উপলক্ষে, পৌরসভার বোর্ড অফ কাউন্সিলস তথা সকল কাউন্সিলর ও পৌর প্রধানকে সম্বর্ধনা দিল পৌর কর্মীরা। ২০২২ সালের ১৭ই মার্চ শপথ গ্রহণের মাধ্যমে তৃণমূল কংগ্রেস পরিচালিত বোর্ড শপথ গ্রহণ করেন। যথেষ্ট সুনাম ও দক্ষতার সঙ্গে পৌর কার্য সম্পন্ন করেছেন সকল কাউন্সিলরবৃন্দ এবং পৌর প্রধান। দুর্যোগকালীন পরিস্থিতিতে দিবারাত্র এক করে কাউন্সিলর ও পৌর প্রধান মানুষকে পরিষেবা দিয়েছেন। এমন সুদক্ষ ও নিরলস পৌর প্রধান ও কাউন্সিলর পেয়ে খুশি পৌরসভার কর্মীরা। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোবরডাঙ্গা পৌরসভা সমস্ত কাউন্সিলার বৃন্দ প্রাক্তন পৌরপ্রধান





সুভাষ দত্ত এবং বর্তমান পৌরপ্রধান শংকর দত্ত মহাশয় এবং পৌরসভা সকল স্তরের কর্মীরা। একে একে সমস্ত কাউন্সিলরদের স্মারক ফুল ও উপহার দিয়ে সম্মাননা জ্ঞাপন করা হয়। পৌর প্রধান শঙ্কর দত্ত মহাশয় কে বিশেষ সম্মাননা ও সংবর্ধনা জ্ঞাপন করা হয়। কাউন্সিলর বাসুদেব কুন্ডু পৌর প্রধানকে বিশেষ সম্মান জানিয়ে কবিতা পাঠ করেন। কর্ম প্রিয় আধুনিক গোবরডাঙ্গা রূপকার শঙ্কর দত্ত মহাশয়কে পৌরপ্রধান হিসেবে পেয়ে আপামর গোবরডাঙ্গাবাসী গর্বিত।

পৌর প্রধান শংকর দত্ত মহাশয় বিগত সকল পৌর প্রধানকে সম্মান জানিয়ে বলেন ২০১০ সালের পর থেকেই গোবরডাঙ্গা পৌরসভার উন্নয়নের জোয়ার এসেছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের পথ ধরে তিনি গোবরডাঙ্গার উন্নয়ন করে চলেছেন আগামী দিনে আরও উন্নয়ন করবেন। তিনি সকল পৌর কর্মচারী ও সকল গোবরডাঙ্গার নাগরিককে অভিনন্দন জানান।

## বসিরহাট কবিতা উৎসব

**সৈয়দ রেজওয়ানুল হাবিব :** কবি কমল কুমার সাহার সভাপতিত্বে,শতাধিক কবি, সাহিত্যিক, নাট্য ব্যক্তিত্ব ও সমাজকর্মী সমাগমে বসিরহাট মৃজাপুর পঞ্চানন




তলা স্বপন ব্যানার্জির বাগান বাড়ির খোলা মঞ্চে জমজমাট বসিরহাট কবিতা উৎসব উদযাপিত হল। সংগীত বিশারদ কথামালা তন্দ্রা-র সংগীত পরিবেশনের মধ্য দিয়ে উপস্থিত অতিথিদের আপ্যায়ন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলন এর মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন জনপ্রিয় বিজ্ঞানকর্মী অধ্যক্ষ নারায়ন দাস। কথাসাহিত্যিক সমুদ্র বিশ্বাসের স্বাগত ভাষণের পর মনোজ্ঞ আলোচনা করেন, লেখিকা জয়ন্তী চট্টোপাধ্যায়, নির্মল কুমার মন্ডল,এম আলাউদ্দিন খান , চায়না মিত্র ও সুনীতা। অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল, ১৭ জন গুণীমানুষকে বিশেষ পুরস্কারে সম্মানিত করা।

➤ দুই পাতায়

## সম্পাদকীয়

স্বরূপনগর বার্তা

# মাহে রমাযানের একটি অতি মূল্যবান আমল ই'তিকাফ



সম্ভব হলে নিজের পক্ষে হতে মহান আল্লাহ তা'আলার রিযা ও সন্তুষ্টির উদ্দেশ্যে নবীজী স্বল্লাল্লাহু আলাইহি অ সাল্লামের মহান সুন্নাত ও আখেরাতের পুঁজি সঞ্চয়ের জন্য রমাযানের শেষ দশকে (৯ দিন বা ১০ দিন) ই'তিকাফ করুন।

ই'তিকাফ শব্দের অর্থ:

ই'তিকাফের আভিধানিক অর্থ 'থেমে যাওয়া (কারণ ই'তিকাফকারী অনেক পাপ থেকে থেমে যায়) এবং অবস্থান করা' কারণ ই'তিকাফকারী নির্দিষ্ট সময়ের জন্য একটি বিশেষ স্থানে অবস্থান করে থাকেন।

তাই একে 'ইতিকাফ' বলা হয়।

শারীয়াতের পরিভাষায়* সওয়াবের নিয়তে ২০ রমাযান মাগরিবের পূর্ব থেকে ঈদের চাঁদ দেখা অবধি পুরুষদের জন্য মসজিদে এবং নারীদের জন্য তাদের নির্ধারিত ঘরের নির্দিষ্ট অংশে অবস্থান অবস্থান করার নামই ই'তিকাফ।

প্রত্যেক মহল্লার মসজিদে ই'তিকাফ করা সুন্নাতে মুআক্কাদা কিফায়াহ। অর্থাৎ মাহে রমাযানের শেষ দশ দিন যাঁরা মহল্লায় অবস্থান করবেন তাদের কোন এক জন ই'তিকাফ করলে মহল্লার সকলের তরফ থেকে আদায় হয়ে যাবে। আর যদি কেউই শেষ দশকের দিনগুলোতে ই'তিকাফ না করেন, তাহলে মহল্লার সকলই গোনাহ গার হবেন। গুরুত্ব দিয়ে ভাববার প্রয়োজন আছে।

বিঃ দ্রঃ- মজুরি নিয়ে অপরের পক্ষ হতে ই'তিকাফ করা জায়েয নয়। এ ভাবে ই'তিকাফ আদায় হবে না।

যেমন প্রতিটি মসজিদে তারাবীহ জামাত আদায় করা সুন্নতে মুআক্কাদাহ কিফায়াহ, একই ভাবে প্রত্যেক মসজিদে শেষ দশকে ই'তিকাফ করাও সুন্নাতে মুয়াক্কাদাহ কিফায়াহ।

জয়হিন্দ জয় বাংলা বন্দে মাতারম—

সৈয়দ জাহাঙ্গীর হাবিব

# রঙিন শোভাযাত্রা থেকে নাটক প্রদর্শনী, পথ দুর্ঘটনা কমাতে উদ্যোগ বসিরহাট জেলা পুলিশের



বসিরহাট টাউন হলে বসিরহাট পুলিশ জেলার সুপার ও ক্যুইজ মাস্টার ডাঃ হোসেন মেহেদি রহমান (আইপিএস), পাশে মহকুমা শাসক আশিস কুমার (আইএএস), অতিরিক্ত পুলিশ সুপার ও মিসেস ডাঃ মেহেদি রহমান।



**সৈয়দ জাহাঙ্গীর হাবিব ও হরিগোপাল দত্ত :** পথ দুর্ঘটনা কমাতে পুলিশের পক্ষ থেকে বারে বারে সচেতনতার বার্তা দেওয়ার পাশাপাশি, রাস্তার মোড়, স্কুল থেকে শুরু করে বিভিন্ন জায়গায় সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হলেও এখনো হুশ ফেরেনি অনেকের। লাগামহীন বেপরোয়া গাড়ি চালানো, ট্রাফিক আইন মেনে না মেনে গাড়ি চলতে অনেকেই যেন স্বাচ্ছন্দ বোধ করেন। এবার পথ নিরাপত্তা বিষয়ক সচেতনতায় বসিরহাট শহর দেখল অন্য এক ছবি। দেখলেই প্রথমে মনে হবে এ যেন এক পুজোর কার্নিভাল। পথ নিরাপত্তা বিষয়ক সচেতনতার বার্তা নিয়ে পথে নামলেন পুলিশ সুপার থেকে মহকুমা শাসক। একইভাবে বিভিন্ন সংগঠন, স্কুলের ছাত্র-ছাত্রী, থেকে এক হাজার তিনশ স্বেচ্ছাসেবী সংগঠনের সহ নাগরিক অনেকেই রঙিন র‍্যালিতে অংশগ্রহণ করেন।

উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট জেলা পুলিশের উদ্যোগে পথ নিরাপত্তা বিষয়ক এই প্রদর্শনী বসিরহাট শহর বোর্ড ঘাট থেকে শুরু হয়ে বসিরহাটের টাউন হল পর্যন্ত পৌঁছায়। তবে শুধুমাত্র রঙিন এই শোভাযাত্রার মাধ্যমেই নয় নাটক প্রদর্শনীর মাধ্যমে ট্রাফিক আইন মেনে না চলার নিদারুণ পরিহাস ফুটিয়ে তোলা হয়। এর মাধ্যমে একদিকে যখন সাধারন মানুষের মধ্যে সচেতনতার বার্তা পৌঁছাচ্ছেন পুলিশ কর্তারা, ঠিক অপরদিকে আইন না মেনে গাড়ি চালানোর ফলে হতে পারে জীবনহানীর মতো শঙ্কা। এদিন এই রেলিতে অংশগ্রহণ করেন বসিরহাট মহকুমা শাসক আশিষ কুমার, পুলিশ সুপার ডাঃ হোসেন মেহেদী রহমান, অতিরিক্ত পুলিশ সুপার পার্থ ঘোষ, ট্রাফিক ডিএসপি সুব্রত কুমার বারিক, ট্রাফিক ওসি সুশান্ত দাস ট্রাফিক ওসি, মিঠুন সর, সহ একাধিক পুলিশ কর্তারা।

# বসিরহাট কবিতা উৎসব

➤ এক পাতার পর

যেমন- বিমল কর স্মারক সম্মাননা প্রাপক অনিল ঘোষ, দেবেন্দ্রনাথ নাথ স্মারক সম্মাননা প্রাপক কমল পাল ও নুপুর দাস, রাম বসু স্মারক সম্মাননা প্রাপক প্রতাপ নাথ ও উত্তম সেন, সোহরাব হোসেন স্মারক সম্মাননা প্রাপক সুপ্রীতি রায়, অজয় কুমার মুখোপাধ্যায় স্মারক সম্মাননা প্রাপক রামপ্রসাদ হালদার ও স্বপন ব্যানার্জি, প্রবীর ঘোষ স্মারক সম্মাননা প্রাপক নিবেদিতা বিশ্বাস, দিলীপ বন্দ্যোপাধ্যায় স্মারক সম্মাননা প্রাপক অঞ্জন মিত্র ও মলয় দাস, উদয় সমীরণ নন্দী স্মারক সম্মাননা প্রাপক অদিতি মিত্র চৌধুরী, তরুণ তপন বিশ্বাস স্মারক সম্মাননা প্রাপক আব্দুল্লাহ আল মাসুম ও আনারুল হক, কাশ্মীরা শাহাদাৎ স্মারক সম্মাননা মিঠু মন্ডল ও হাসিম আব্দুল্লাহ হালিম বরকতি, শঙ্কর রায় চৌধুরী স্মারক সম্মাননা প্রাপক শমিক চক্রবর্তী । বসিরহাট কবিতা উৎসবে আমন্ত্রিত কবিদের মধ্যে কবিতা পাঠ, গান ও বক্তব্য পেশ করলেন,আলি ফযর আল জামান,বরুণ পাল, মলয় মন্ডল, সিরাজুল ইসলাম বিজয়, মোশারেফ হোসেন মন্ডল,সুমেধা সরকার, তুহিনা হক, বিপ্লব দে বিশ্বাস, কল্পনা মন্ডল, জয়ন্তী নাথ, নির্মল বসু, মমতা মিত্র, আবদুল্লা সাহাজী, বিশ্বনাথ সরকার, গৌরাঙ্গ মিত্র, মমতা মিত্র, হাসান মন্ডল, জাসমিন সুলতানা, জ্যোতির্ময় বৈরাগী, ইউসুফ মোল্লা, সমর দে ,তাপস ঘোষ, গোপীনাথ রায়, স্বরূপ ভঞ্জ,রূপা ব্যানার্জি, খোকন নস্কর, কৃষ্ণা ঘোষ, ডলি পাল ,সন্ধ্যা সরকার, স্বাগতা পাল, স্বাগতমা পাল, অঙ্কিতা মিত্র, রূপ কুমার দত্ত, শাজাহান, সুফিয়া বিবি,আসরফ সর্দার প্রমুখ। দক্ষতার সঙ্গে সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন, লেখিকা কাকলি হালদার, ছড়াকার সুপ্রিয়া বর এবং বসিরহাট কবিতা উৎসব কমিটির সম্পাদক কবি সমুদ্র বিশ্বাস।

টাউন হোটেল
নিউ টাউন হোটেল
বসিরহাট জেলখানার মোড়।
থাকা ও খাওয়ার সু-ব্যবস্থা আছে।
যোগাযোগ ঃ ৯০৮৩৯০৯৭৭৯

# স্বরূপনগরে সাংস্কৃতিক অনুষ্ঠান








**বিশ্বনাথ ভট্টাচার্য :** স্বরূপনগর থানা এলাকার তেপুল মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত 'মেঠোপথ' নামক একটি সাংস্কৃতিক সংগঠন, গত ২৩শে ফেব্রুয়ারি তাদের বার্ষিক অনুষ্ঠান পরিবেশন করল মেদিয়া ছাত্র কল্যাণ বিদ্যাপীঠ প্রাঙ্গণে। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরূপনগর পঞ্চায়েত সমিতির সভাপতি নারায়ণ কর, তেপুল মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান সংগীতা কর, ছাত্র কল্যাণ বিদ্যাপীঠ প্রধান শিক্ষক কমল কৃষ্ণ পাইক, নাট্য ব্যক্তিত্ব বিশ্বনাথ ভট্টাচার্য প্রমুখ। অনুষ্ঠানে নারায়ণ কর আয়োজক সংস্থাকে ধন্যবাদ জানান, সুন্দর একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করার জন্য, তিনি বর্তমান পশ্চিমবঙ্গের মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে পশ্চিমবঙ্গ কে এগিয়ে নিয়ে যাচ্ছেন তার উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সঙ্গীতা কর, কমল কৃষ্ণ পাইক, বিশ্বনাথ ভট্টাচার্য। অতিথিদের সকলকে সংস্থার পক্ষ থেকে সম্মানিত করা হয়।

সংগীত পরিবেশন করে মিতা দে নট্য, মীনাক্ষী মিত্র, ঝর্ণা মন্ডল, রুনু গুরিয়া, সৌরভ শীল, মিনতি নট্য, রুপসা দে, অশ্রুকণা খাস্কেল, চন্দনা বিশ্বাস, রাহুল মন্ডল, স্বপন তালুকদার, লব বিশ্বাস, তনু দে। তবলা সঙ্গতে ইন্দ্রজিৎ নাট্য, সমিরন নট্য, পার্কেশন জীবন বিশ্বাস, সুমন্ত দে, দেবপ্রসাদ দাস। তবলা লহরা রণবীর নট্য, রহিন, শ্রেয়ন। আবৃত্তি করে হিয়ান পাল। নৃত্য পরিবেশন করে, বর্ষা গুড়িয়া, সুচিত্রা পাইক, ঈপ্সিতা নট্য। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সমীরণ নট্য।

প্রচারেই প্রসার
আপনার প্রতিষ্ঠান বা যে কোন সংস্থার প্রচারের জন্য আমাদের পত্রিকায় বিজ্ঞাপন দিন।

SNB স্বরূপনগর বার্তা
SWARUPNAGAR BARTA

মাননীয়া মুখ্যমন্ত্রী
**মমতা বন্দ্যোপাধ্যায়ের**
উদ্যোগে




**যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র**
**যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার ও বিভিন্ন কম্পিউটার প্রশিক্ষণ এজেন্সি-র যৌথ প্রচেষ্টায়**
**কম্পিউটার প্রশিক্ষণ**

রাজ্যজুড়ে স্বল্প ব্যয়ে কম্পিউটার প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যে যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর এবং বিভিন্ন কম্পিউটার প্রশিক্ষণ সংস্থার যৌথ উদ্যোগে গড়ে ওঠা প্রায় ১০০০টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র বর্তমানে চালু আছে।

সর্বত্র কোর্স ফি একইরকম, বেসরকারি কেন্দ্রগুলির তুলনায় অনেক কম এবং প্রশিক্ষণের মেয়াদ ও বিষয়ও অভিন্ন।

প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুকরা আজই নিকটবর্তী যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে যোগাযোগ করুন। যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর, জেলা যুবকরণ বা নিকটবর্তী ব্লক/পৌর যুবকরণেও যোগাযোগ করে বিস্তারিত জানা যাবে।

রাজ্যের সব ক-টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রই অনলাইন পরীক্ষার আওতায় চলে এসেছে। বিশ্বখ্যাত সংস্থা হিউলেট প্যাকার্ড এন্টারপ্রাইজ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (এইচ. পি.) এই অনলাইন পরীক্ষা গ্রহণ ও মূল্যায়নের সমগ্র ব্যবস্থাটি পরিচালনার দায়িত্বে আছে। এই ব্যবস্থা প্রণয়নের ফলে রাজ্যের সব ক-টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে পাঠ্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে সমতাবিধান করা হয় এবং পরীক্ষা শেষ হওয়ার পর খুব কম সময়ের ব্যবধানে ছাত্র-ছাত্রীদের শংসাপত্র দেওয়া হয়।



**কী শিখবেন, কত দিনে শিখবেন**

| কোর্স | সময়সীমা |
|---|---|
| CDTA, CDTP, CFAS, CCAD, CWD, CCST, CBM, CITA, CCHM | ছয় মাস |
| DDTA, DDTP, DFAS, DBCO, DITA, DMAVE, DCHM | এক বছর |
| ADITA, ADFAS, ADDTP | এক বছর ছয় মাস |

**কোর্স ফি**

অন্যান্য প্রতিষ্ঠানের থেকে অনেক অনেক কম। কিস্তিতে কোর্স ফি দেওয়ার সুযোগ আছে।

**সাফল্য**

রাজ্য সরকারের যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর এবং বিশিষ্ট উদ্যোগী সংস্থার যৌথ উদ্যোগে পরিচালিত যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রগুলি দীর্ঘদিন ধরে রাজ্যের বেকার যুবক-যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণ দেওয়ার কাজে অত্যন্ত সনিষ্ঠ ও যত্নশীল ভূমিকা পালন করে আসছে। এই কেন্দ্রগুলি থেকে প্রশিক্ষণ নিয়ে প্রতিবছর অনেক শিক্ষার্থী চাকরির বাজারে নিজেদের গ্রহণযোগ্য করে তুলতেও সক্ষম হচ্ছেন।

পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের ওয়েবসাইট www.wbyouthservices.in-এ সমস্ত অনুমোদিত যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের তালিকা পাবেন। ভরতির সময় একমাত্র ওই তালিকাভুক্ত যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রেই ভরতি হন।

যোগাযোগ করুন:
নিকটবর্তী যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে অথবা জেলা যুব আধিকারিকের দপ্তরে বা সরাসরি যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর, ৩২/১ বি.বা.দী. বাগ (দক্ষিণ), কলকাতা- ৭০০০০১

**যুবকল্যাণ ও ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার**

Memo No. 538(6)/DICO/N-24-Pgs. Date : 19-03-2025

# জগন্নাথ গুপ্তা ইন্সটিটিউট অফ মেডিকেল সায়েন্স এণ্ড হসপিটাল

## বজবজ, দক্ষিণ ২৪ পরগনা

**পবিত্র রমজান, ঈদুল ফেতর, দোল ও হোলির শুভেচ্ছা গ্রহণ করুন এলাকায় সম্প্রীতি বজায় রাখুন। প্রয়োজনে পুলিশের সাথে যোগাযোগ করুন ও সাহায্য নিন**



জগন্নাথ গুপ্তা
প্রতিষ্ঠাতা

# বসিরহাট পুলিশ জেলা

## উত্তর ২৪ পরগনা

### বসিরহাট পুলিশ জেলার পক্ষ থেকে

পবিত্র রমজান, ঈদুল ফেতর, দোল ও হোলির শুভেচ্ছা গ্রহণ করুন এলাকায় সম্প্রীতি বজায় রাখুন প্রয়োজনে পুলিশের সাথে যোগাযোগ করুন ও সাহায্য নিন



সুপারইনটেনডেন্ট অফ পুলিশ
ডাঃ হোসেন মেহেদি রহমান (আই.পি.এস)


Printed by Syed Jahangir Habib, Published by Syed Jahangir Habib, on behalf of (or owned by) Syed Jahangir Habib and Printed at Mass Production House, Swami Vivekandnda Road, Chowdhuripara, Kalupukur, Barasat, Kolkata - 700 124 and published at Duttapara, Swarupnagar, North 24 Parganas, West Bengal, Editor : **SYED JAHANGIR HABIB**, Ph.: 7797520646
Whatsapp No : 7797520646 E-mail : swarupnagarbarta1@gmail.com